

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬১৪

৯/ জিহাদ (الجهاد)

পরিচ্ছেদঃ ৩৬২. যে পথিক ক্ষুধায় কাতর হয়ে খেজুর খায় আর পিপাসায় কাতর হয়ে দুধ পান করে মালিকের অনুমতি ব্যতীত।

بَابِ فِي أَبْنِ السَّبِيلِ يَأْكُلُ مِنَ التَّمْرِ وَيَشْرَبُ مِنَ الْلَّبَنِ إِذَا مَرَّ بِهِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ، وَأَبُو بَكْرٍ أَبْنَا أَبِي شَيْبَةَ - وَهَذَا لَفْظُ أَبِي بَكْرٍ - عَنْ مُعْتَمِرِ بْنِ سُلَيْمَانَ، قَالَ سَمِعْتُ أَبْنَ أَبِي حَكَمِ الْغِفارِيِّ، يَقُولُ حَدَّثَنِي جَدِّي، عَنْ عَمِّ أَبِي رَافِعٍ بْنِ عَمْرٍو الْغِفارِيِّ، قَالَ كُنْتُ غُلَامًا أَرْمِي نَخْلَ الْأَنْصَارِ فَأَتَيَ بِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "يَا غُلَامُ لَمْ تَرْمِي النَّخْلَ". قَالَ آكُلُ . قَالَ "فَلَا تَرْمِ النَّخْلَ وَكُلْ مِمَّا يَسْقُطُ فِي أَسْفَلِهَا" . ثُمَّ مَسَحَ رَأْسَهُ فَقَالَ "اللَّهُمَّ أَشْبِعْ بَطْنَهُ" .

বাংলা

২৬১৪. উসমান ও আবু বকর ইবন আবু শায়বা ..... ইবন আবুল হাকাম আল-গিফারী বলেন, আমাকে আমার দাদী আবু রাফি' ইবন আমর আল-গিফারীর চাচা হতে হাদিস বর্ণনা করেছেন। তিনি বলেছেন, আমি যখন ছোট বালক ছিলাম তখন আনসারদের খেজুর গাছে তীর ছুঁড়ে মারতাম। সে কারণে আমাকে একবার নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হায়ির করা হল। তিনি জিজ্ঞাসা করলেন, হে বালক! তুমি খেজুর গাছে তীর মারো কেন? সে বলল, আমার খাওয়ার জন্য। নবীজী বলেন, আর কখনও খেজুর গাছে তীর মেরা না। গাছের নিচে যে খেজুর ঝারে পড়ে তুমি তা খাও। এ বলে নবীজি তার মাথায় হাত বুলিয়ে দিলেন আর বললেন, হে আল্লাহ! তার পেট পরিতৃপ্ত কর।

## English

Narrated The uncle of AbuRafi ibn Amr al-Ghifari:

I was a boy. I used to throw stones at the palm-trees of the Ansar. So I was brought to the Prophet (ﷺ) who said: O boy, why do you throw stones at the palm-trees? I said: eat (dates). He said: Do not throw stones at the palm

trees, but eat what falls beneath them. He then wiped his head and said: O Allah, fill his belly.

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34722>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন